# লংমার্চ বিরোধীদলের রাজনৈতিক ও গণতান্ত্রিক অধিকার: রিজভী




রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

বিরোধীদলের লংমার্চ কর্মসূচি পালন রাজনৈতিক ও গণতান্ত্রিক অধিকার বলে মন্তব্য করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা রুহুল কবির রিজভী আহমেদ। তবে রাজনৈতিক কর্মসূচির নামে পরিকল্পিতভাবে দেশ অচল করার চেষ্টা না করতে বিরোধীদলের প্রতি আহ্বান জানিয়েছেন তিনি।

শুক্রবার (৪ সেপ্টেম্বর) সকালে রাজধানীর বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে বাংলাদেশ নৃত্যশিল্পী সংস্থার নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির অভিষেক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

চলমান গ্যাস ও বিদ্যুৎ সংকট নিয়ে রিজভী আহমেদ বলেন, আন্তর্জাতিক পরিস্থিতির কারণেই দেশে জ্বালানি সংকট দেখা দিয়েছে। এ সংকটের জন্য বর্তমান সরকারকে দায়ী করা ঠিক নয়।

তিনি বলেন, বিরোধীদলের কাছে যদি গ্যাস ও বিদ্যুৎ সংকট সমাধানের কোনো পরিকল্পনা থাকে, তাহলে তা জনগণের সামনে তুলে ধরা উচিত। শুধু রাজপথে কর্মসূচি দিলেই সমস্যার সমাধান হবে না।

LENS ASIA

রিজভী আহমেদ বলেন, রাজনৈতিক দলগুলোর দায়িত্ব শুধু সরকারের সমালোচনা করা নয়। জাতীয় কোনো সংকট দেখা দিলে তার সমাধানে নিজেদের পরিকল্পনাও জনগণের সামনে আনতে হবে।

সংসদকে কার্যকর রাখতে বিরোধীদলকে আরও সক্রিয় ভূমিকা রাখার আহ্বান জানিয়ে তিনি বলেন, সরকারের যৌক্তিক সমালোচনার পাশাপাশি বিভিন্ন জাতীয় সমস্যা নিয়ে বিকল্প প্রস্তাব সংসদে উপস্থাপন করা প্রয়োজন।

তিনি আরও বলেন, জনগণের কাছে সঠিক তথ্য তুলে ধরতে হবে। রাজনৈতিক বক্তব্য বা কর্মসূচির মাধ্যমে মানুষের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করা থেকে সবাইকে বিরত থাকতে হবে।

গ্যাস ও বিদ্যুৎ সংকট নিয়ে শুধু কর্মসূচি না দিয়ে সমাধানের পরিকল্পনা নিয়ে এগিয়ে আসার জন্য বিরোধীদলের প্রতি আহ্বান জানান বিএনপির এই নেতা।